# Times Today BD

মঞ্জুরুল ইসলাম | ময়মনসিংহ | 11 May, 2025

ময়মনসিংহের সদর উপজেলায় মানসিক ভারসাম্যহীন ছেলে ফাঁসিতে ঝুঁলে আত্মহত্যার পর ক্যান্সার আক্রান্ত মায়ের মৃত্যু হয়েছে।

রবিবার (১১ মে) সকালে সদর উপজেলার চর খরিচার মদিনা মসজিদ এলাকায় এই ঘটনা ঘটে।

নিহতরা হলেন, ওই এলাকার আব্দুল হাই'র স্ত্রী আয়েশা বেগম (৫৫) ও তার ছেলে জসীম (৩৩)।

ময়মনসিংহ কোতোয়ালী মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. সফিকুল ইসলাম এই তথ্য নিশ্চিত করেছেন।

পুলিশ ও স্থানীয় সুত্র জানায়, আয়েশা দীর্ঘদিন যাবত ক্যান্সারে ভোগছিলেন।দিন দিন তার অবস্থার অবনতি হচ্ছিল।ঘটনার দিন সকালে ছেলে জসিম ঘরের আড়ার সাথে ফাঁস নেয়।এতে ঘটনাস্থলেই জসিম মারা মারা যায়।পরে পুলিশ ঘটনাস্থলে গিয়ে মরদেহ উদ্ধারের পর ক্যান্সার মায়ের মৃত্যু হয়। পরে নিহতের পরিবারের পক্ষ থেকে বিনা-ময়নাতদন্তে মরদেহ দেয়ার আবেদন করে। পরে আবেদনের প্রেক্ষিতে জসিমের মরদেহ পরিবারের লোকজনের কাছে হস্তান্তর করে।

এ ঘটনায় থানায় অপমৃত মামলা হয়েছে বলেও জানান ওসি মো. সফিকুল ইসলাম।

আত্মহত্যা ক্যান্সার

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 09:03

URL: https://www.timestodaybd.com/mymensingh/7439512317